দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 OCT 2016 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ....৬......

# নন্দীগ্রামে কলেজ সরকারীকরণের দাবিতে ভাংচুর

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ।** নন্দীগ্রামের পুরনো মনসুর হোসেন (এমএইচ) ডিগ্রী কলেজকে সরকারীকরণ না করে নতুন স্থাপিত নন্দীগ্রাম মহিলা ডিগ্রী কলেজকে সরকারীকরণ করায় শিক্ষার্থীরা ফুঁসে উঠেছে। সোমবার সকালে এমএইচ ডিগ্রী কলেজের বিক্ষুব্ধ শিক্ষার্থীরা কয়েকটি শ্রেণীকক্ষের টেবিল-চেয়ার ভাংচুর এবং বাইরে নিয়ে আগুন ধরিয়ে দেয়। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা নন্দীগ্রামের প্রধান সড়কে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। স্থানীয়রা তাদের দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করে। এরপর তারা নন্দীগ্রাম এমএইচ ডিগ্রী কলেজকে সরকারীকরণের দাবিতে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি উপজেলা নির্বাহী অফিসারের কাছে দেয়।

## ফুলবাড়িয়ায় হরতাল

স্টাফ রিপোর্টার ময়মনসিংহ থেকে জানান, ফুলবাড়িয়া ডিগ্রী কলেজ সরকারীকরণের দাবিতে সোমবার সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত আধবেলা হরতাল পালন করেছে শিক্ষার্থী, শিক্ষক ও এলাকাবাসী। সকাল ১০টার দিকে আন্দোলনকারীরা কলেজের সামনে ময়মনসিংহ-ফুলবাড়িয়া সড়কের ওপর টায়ার জ্বালিয়ে অবরোধ করলে পুলিশ লাঠিচার্জ করে আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করে দেয়। পরে আন্দোলনকারীরা কলেজের সামনে সমাবেশ শেষ করে উপজেলা সদরে বিক্ষোভ মিছিলসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দেয়। আন্দোলনকারীরা জানায়, দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন চলবে। তৎকালীন শিল্পমন্ত্রী সৈয়দ নজরুল ইসলাম কলেজটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। মুক্তিযোদ্ধাদের জন্য বরাদ্দের ২০০ বান্ডিল টিন দিয়ে কলেজের যাত্রা শুরু হয়।